



# কর্মসংস্কৃতি ফেরানো অবশ্যই সম্ভব

ডঃ পূর্ণেন্দু ধর

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

মানুষ হয়ে জন্ম নিয়ে পৃথিবীতে আসার পিছনে প্রত্যেকেরই কিছু উদ্দেশ্য, কিছু কর্তব্য, কিছু কাজখাকার কথা। ভবিষ্যৎ বলে দেয় কে কি হবে। যে যাই হোক না কেন কোন অন্যায়পথে নিজেকে না নিয়ে গিয়ে, কোনওকাজ তা ছোটই হোক বা বড়ই হোক--নিজেকে প্রতিষ্ঠিত করে তোলার উদ্দেশ্যটাই বড় কথা।

নিজের কাজকে ভালবেসে সুন্দরভাবে সুসম্পন্ন করাটাই মনে হয় প্রকৃত অর্থে কর্মসংস্কৃতি। এই কর্মসংস্কৃতি কাউকে উন্নতির শিখরে নিয়ে যেতে পারে এবং তার প্রতি অন্যদের বিশ্বাস আনতে সাহায্য করে এবং ত্রমেত্রমে তার নিজের পদের নিরাপত্তা বাড়িয়ে তোলে।

বলা যেতে পারে **work culture bring security** অর্থাৎ আমার কাজের যত্ন, দৃঢ়তা আমাকে নিরাপত্তা এনে দেবে। এবং আমার প্রতি অন্যের **Confidence** এনে দেবে। এইবার সবচেয়ে লক্ষ্য করবার বিষয়, এই সময়টাতেই অনেকে ভাবতে শুরু করেন যে তিনি যাই কন না কেন অন্যেরা তাদের নেবেন। এবং শুরু হয় তার ভুলপথে হাঁটা। আগে যে লোক কোন কাজকরার আগে সাত পাঁচ ভালোভাবে চিন্তা করে ভেবে বিচার করে প্যাফেলত বা প্যা ফেলে এসেছে সেই কিস্ততার পদের **security**-কে সামনে রেখে একের পর এক ভুল কাজ করে চলে। অর্থাৎ সঠিক অর্থে তার **work culture** নষ্ট হতে শুরু হয় যাতে বলা যায় **security diminishes work culture**। সুতরাং প্রত্যেক মানুষের জীবনের পথে চলার জন্য **security**-র প্রয়োজন যা তার **work culture** থেকে আসা উচিত আবার **work culture** ঠিক রেখে নিজের **security** বজায় রাখার দরকার। এই সামঞ্জস্য বা ভারসাম্যটা বজায় রাখতে পারলে সকলেই নিজেকে ঠিক পথে চালিত করতে পারবে যদি মনে করা হয়, **work culture** কমে গেছে, বুঝতে হবে এটা অধিক **security**-র ফল। কোন স্কুলের ছাত্র উঁচু ক্লাসে উঠতে গেলে যদি পরীক্ষা নিঃপ্রয়োজন হয় অর্থাৎ ক্লাসে **promotion** পাওয়ার ব্যাপারে যদি নিশ্চিত থাকে সে কেন মন দিয়ে পড়াশোনা করবে? আমাদের জীবনে চলার পথে প্রতিনিয়তই প্রতি কাজের জন্য যদি আমাদের পরীক্ষার সম্মুখীন হতে হত এবং এর সঙ্গে সফলতা বা ব্যর্থতা জড়িত থাকতো তাহলে প্রতিকাজেই যথেষ্ট যত্ন সহকারে চিন্তা ভাবনার ছাপ পড়তো। **work culture** -এর উন্নতি থেকেই **security** বাড়বে।

এরপরে দেখা যায় যদি, যে কোনও কারণেই হোক না কেন **security** বাড়তে বাড়তে ভারসাম্য নষ্ট হতে থাকে এবং **work culture** হ্রাস পেতে থাকে এ অবস্থায় **work culture** পুনঃ প্রতিষ্ঠিত করার একমাত্র উপায় **security** কমানোটা নয় কি?

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)